ভোরের কাগজ

তারিখ ... 15 DEC 2002
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

# শাহজালাল বিশ্ববিদ্যালয় : খোলার দিন থেকেই শিক্ষক ধর্মঘট

শা.বি. প্রতিনিধি : শিক্ষক সমিতির কর্মবিরতির ঘোষণার মুখে আজ রোববার শাহজালাল বিশ্ববিদ্যালয় খুলছে। শিক্ষকদের কর্মবিরতির ঘোষণায় আবারো শাহজালাল বিশ্ববিদ্যালয়ে, শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষকদের বিভিন্ন দাবি-দাওয়া নির্দিষ্ট সময়সীমার মধ্যে মেনে না নেওয়ায় আজ খোলার দিন থেকেই শিক্ষক সমিতি কর্মবিরতির ঘোষণা দেন।

শিক্ষকদের প্রমোশন, স্থায়ীকরণ ও নতুন শিক্ষক নিয়োগসহ বিভিন্ন ইস্যু নিয়ে দীর্ঘদিন যাবৎ কর্তৃপক্ষ বরাবর শিক্ষক সমিতি শরণাপন্ন হয়ে ফিরে আসছে। গত ১১ নভেম্বর শিক্ষক সমিতির এক জরুরি সভায় কর্তৃপক্ষ এক মাসের মধ্যে দাবি মেনে না নিলে ১৫ ডিসেম্বর থেকে কর্মবিরতি পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। সে মোতাবেক শিক্ষক সমিতি আজ রোববার ঈদের ছুটির পর বিশ্ববিদ্যালয় খোলার দিন থেকেই কর্মবিরতির ঘোষণা দিয়েছে। ফলে আবারো শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

গত বৃহস্পতিবার শিক্ষক সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো আজ ১৫ ডিসেম্বরের মধ্যে শিক্ষকদের প্রমোশন, স্থায়ীকরণ ও নতুন শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু না করলে দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষকবৃন্দ কর্মবিরতি পালন করবেন। এতে শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ ইউনুছ এবং সাধারণ সম্পাদক ড. মোঃ কবির হোসেন স্বাক্ষর করেন।